



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১২২২

তারিখঃ ১৫/০১/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫০৫ তম কমিশন সভা অদ্য ১৫/০১/২০১৪ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. স্টক ব্রোকার/ডিলার Reliance Brokerage Services Limited (RBSL) -এ কমিশনের রুটিন পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- ক) নন মার্জিনেবল “Z” ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
- খ) ডিলার হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করে শেয়ার লেনদেনের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;
- গ) দেশবন্ধু পলিমার লিঃ ও সালভো ক্যামিকেল লিঃ এর শেয়ারের ক্যাটাগরী পরিবর্তনের পরে ১ থেকে ৩০ দিনের মধ্যে মার্জিন ঋণ প্রদান নিষিদ্ধ হলেও মার্জিন ঋণ সুবিধা প্রদান করে শেয়ার লেনদেনের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
- ঘ) Reliance Finance Limited (Corporate Director of Reliance Brokerage Services Limited) -কে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;
- ঙ) নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;
- চ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8(c) (i) লংঘন;
- ছ) অতিরিক্ত মার্জিন ঋণ সুবিধা প্রদান (Cash Withdraw beyond the approved limit) করে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2009-193/92 তাং 10/01/2011 লংঘন;
- জ) গ্রাহক হিসাব খোলার প্রথম ১৫ (পনের) দিনের মধ্যে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2009-193/90 তাং 09/01/2011 লংঘন;
- ঝ) লিখিত প্রতিবেদনে “Z” ক্যাটাগরির শেয়ারে মার্জিন ঋণ প্রদান করে নাই বলে উল্লেখ করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 লংঘন;




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

এ) Customer Consolidated Bank Account -এ ২,২২,৭১,২৭৯ টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule (8A) লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় উক্ত প্রতিষ্ঠানকে ১০ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর আবেদনের প্রেক্ষিতে আইসিবি এএমসিএল কর্তৃক প্রস্তাবিত “ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচুয়াল ফান্ড” এর নাম পরিবর্তন করে “আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচুয়াল ফান্ড” নামে নিবন্ধন সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ফান্ডের আয়তন ২০০ (দুইশত) কোটি টাকার পরিবর্তে ১০০ (একশত) কোটি টাকায় পুনর্নির্ধারণ ও সম্পূরক ট্রাস্ট ডিড-এর অনুমোদন প্রদান করা হয়।
৩. সভায় BRAC Bank Limited এর রাইট শেয়ার (১ঃ২ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ২টি সাধারণ শেয়ারের বিপরিতে ১টি রাইট শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে BRAC Bank Limited -কে কমিশন ২২,১৬,৫২,২৮৮ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ২০/- (১০ টাকা প্রিমিয়ামসহ) মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৪৪৩,৩০,৪৫,৭৬০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে তা মূলধনের পর্যাগুতা সংক্রান্ত নিয়ন্ত্রণকারী সংস্থার (বাংলাদেশ ব্যাংক) নির্দেশনা অনুযায়ী মূলধন ভিত্তি শক্তিশালী করণের লক্ষ্যে ব্যবহার করবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে AAA Consultants & Financial Advisers Ltd.।
৪. Shahjibazar Power Co. Ltd. এর ২৫ টাকা মূল্যমানের (১৫ টাকা প্রিমিয়ামসহ) ১,২৬,৮০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৩১,৭০,০০,০০০ টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক ঋণ পরিশোধ খাতে ব্যয় করবে। Shahjibazar Power Co. Ltd. এর ৩১শে মার্চ ২০১৩ সালের সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (Weighted Average EPS) ২.৫৪ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ২৪.৫৮ টাকা। উল্লেখ্য, Shahjibazar Power Co. Ltd. এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AAA Consultants & Financial Advisers Ltd.।


২০/০১/২০১৪
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র